তোমাদের কেউ যেন কখনই দাঁড়িয়ে পান না করে। আর যদি ভুলে যায়, তাহলে সে যেন বমি করে দেয়।

আনাস রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম লোককে দাঁড়িয়ে পান করতে নিষেধ করেছেন। কাতাদাহ বলেন, আমরা আনাস রাদিয়াল্লাহু ‘আনহুকে
প্রশ্ন করলাম, ‘আর (দাঁড়িয়ে) খাওয়া?’ তিনি বললেন, ‘তা তো আরো মন্দ বা আরো জঘন্য
কাজ।’ আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “তোমাদের কেউ যেন কখনই দাঁড়িয়ে পান না করে।
আর যদি ভুলে যায় (ভুলবশতঃ পান করে ফেলে), তাহলে সে যেন বমি করে দেয়।”
[সহীহ] [এটি মুসলিম তার দুই রেওয়ায়েতে বর্ণনা করেছেন।]

আনাস রাদিয়াল্লাহু ‘আনহু বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি দাঁড়িয়ে পান করা থেকে নিষেধ করেছেন। তখন ক্বাতাদাহ ইবন দা‘আমাহ আস-সাদূসী রহ. বলেন, আমরা আনাস রাদিয়াল্লাহু ‘আনহুকে বললাম, দাঁড়িয়ে খাওয়ার বিধান কী? তাও পান করার মতো নিষিদ্ধ? তখন আনাস বলল, তাতো নিষেধ হওয়ার আরও বেশি হকদার আর তা অধিক নিকৃষ্ট ও অপবিত্র। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দাঁড়িয়ে পান করা থেকে নিষেধ করেছেন। যে ব্যক্তি ভুলে এ কাজ করে তার জন্য মুস্তাহাব হলো সে যেন তার পেটে যা আছে তা বের করে দেয়। না ফেললেও তার কোনো গুনাহ নেই। কারণ, দাঁড়িয়ে পান করা মাকরূহ; হারাম নয়।

https://sunnah.global/hadeeth/bn/show/5450